

সম্মানিত বন্ধুগণ,

ফিলিস্তিনের মজলুম নিপীড়িত, নির্যাতিত ভাই ও বোনদের পক্ষ থেকে আজ আপনাদের নিকট একটি সবিনয় অনুরোধ নিয়ে এসেছি। আমরা আশা করি, আপনি একটু সময় নিয়ে এই অনুরোধ পত্রটি বিবেচনা করবেন।

ফিলিস্তিনের মানুষের নির্যাতন ও নিপীড়নের কথা আমাদের কারই অজানা নয়। ইসরাইলি ইহুদিবাদী রাষ্ট্র প্রতিষ্ঠার নামে ফিলিস্তিনের মানুষের বাড়ি ঘর, ফসলের জমি, প্রাকৃতিক সম্পদ, খাবার পানির উত্স, এমন কি ধর্মীয় পবিত্র স্থান গুলো প্রতিদিন ধ্বংস করে চলেছে। এই আগ্রাসী ধ্বংসের কবল থেকে শিশু, বৃদ্ধ, মেয়ে ছেলে কেউ রক্ষ পাইনি। হত্যা, নিপীড়ন, নির্যাতন আর স্বজন হারানোর আতর্নাদ, এখন ফিলিস্তিনের মানুষের প্রতিদিনের মাথা।

আজ ফিলিস্তিনের মানুষ খুবই অসহায়। আসুন, আমরা তাদের পাশে দাড়াই।

ইসরাইলি পণ্য, ফিলিস্তিনের জমিতে জোর পূর্বক গড়ে তোলা ইহুদি বসতিতে উত্পন্ন আবাদী ফসল ও ইসরাইলি রাষ্ট্রের সমর্থন ও অর্থনৈতিক সমর্থন দানকারী সকল প্রকার প্রতিষ্ঠান গুলোকে অবিলম্বে বয়কট করবার জন্য ধর্মবর্ণ নির্বিশেষে সারা বিশ্বের প্রতিটি মানুষের কাছে ফিলিস্তিনের অসহায় মানুষ সবিনয় অনুরোধ জানিয়েছে।

আজ অনেক মানুষ ও প্রতিষ্ঠান এই ডাকে সাড়া দিয়ে ফিলিস্তিনের মানুষের পাশে দাড়িয়েছে।

আমরা আপনার কাছে ফিলিস্তিনের মানুষের পক্ষ থেকে সবিনয় অনুরোধ জানাই যে, দয়া করে সকল প্রকার ইসরাইলি পণ্য কেনাবেচা থেকে বিরত থাকুন। আমরা আশা করি, আপনি একজন সচেতন মানুষ হিসেবে ফিলিস্তিনের মজলুম জনতার এই বিশেষ অনুরোধটি গ্রহণ করবেন। এবং আমরা আরো আশা করি যে ফিলিস্তিনের মানুষের দীর্ঘ ৬৫ বছরের স্বাধীনতা সংগ্রামের প্রতি সমর্থন জানাবেন।

(For more information on the call by Palestinians for support by not buying Israeli and Settlement goods see www.bdsmovement.net)

বিশেষ করে, এই পবিত্র মাহে রমজানে নিম্নে উল্লেখিত কোম্পানির সকল প্রকার খেজুর কেনাবেচা থেকে বিরত থাকুন। এই সব কোম্পানির খেজুর অবৈধ ভাবে দখল করা ফিলিস্তিনের জমিতে উত্পন্ন। কিন্তু ধোকাবাজ ইসরাইলি কোম্পানি গুলো মুকৌশলে মুসলমান সমাজ কে ধোকা দিয়ে আসছে। ইসলাম ধর্মের সাথে সম্পৃক্ত সুন্দর নাম ব্যবহার করে, ইসরাইলি কোম্পানি গুলো বিশেষ করে মুসলমান গ্রাহকদের কাছে তাদের চুরি করা পণ্য বিক্রি করে আসছে। একজন সচেতন মানুষ হিসেবে আপনার নিকট অবশ্যই এই সকল পণ্য অগ্রহণযোগ্য।

বর্তমান বাজারে অধিকাংশ সুয়াদু মেজলু খেজুর আসে ইসরাইলি কোম্পানির। যদিও বাজারে অনেক প্রকার খেজুর পাওয়া যায়। আপনি যদি ফিলিস্তিনের দরিদ্র কৃষক সম্প্রদায়কে সাহায্য করতে চান, তাহলে ফিলিস্তিনের মেজলু খেজুর বিক্রি করতে পারেন। ফিলিস্তিনের এই দুইটি কোম্পানির সাথে যোগাযোগ করুন

Zaytoun, www.zaytoun.org or Yaffa Limited, www.yaffa.co.uk or The Taste of Palestine thetasteofpalestine.com

আপনার এই মূল্যবান সময়ের জন্য আপনাকে ধন্যবাদ। মহান সৃষ্টিকর্তা আপনার সহায় হোন।

ফিলিস্তিনের অসহায় মানুষের সমর্থন দানকারী নিয়মিত কর্মসূচির জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

Palestine Solidarity Campaign, www.palestinecampaign.org